



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৪১

তারিখঃ ০৮ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ  
২৩ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬৬২ তম কমিশন সভা অদ্য ২৩/১০/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ ও সিডিবিএল উপ-আইনের বিধান পরিপালন সাপেক্ষে ইউনাইটেড এনার্জি লিমিটেড কর্তৃক ধারণকৃত ১২,৭৪,৬৯,৪৫৬ টি খুলনা পাওয়ার লিমিটেড এর সাধারণ শেয়ার এবং ৩৫,৯৩,০৯,১৬২ টি ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর সাধারণ শেয়ার একই মালিকানাধীন ইউনাইটেড ময়মনসিংহ পাওয়ার লিমিটেড এর অনুকূলে ডিপজিটরি অংশগ্রহণকারীর মাধ্যমে স্টক এক্সচেঞ্জ-এ লেনদেন ব্যতিত হস্তান্তরের বিষয়টি আজকের সভায় কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত হস্তান্তরের ক্ষেত্রে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অর্জন, অধিগ্রহণ ও কর্তৃত্ব গ্রহণ) বিধিমালা, ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি পরিপালন হতে অব্যাহতি প্রদানের বিষয়টিও কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে।
২. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'AAML Unit Fund' এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক Assurance Asset Management Limited। এছাড়াও, ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড।

  
মো: সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।